# DIABETIC ASSOCIATION MEDICAL COLLEGE, FARIDPUR
(An Institution of Faridpur Diabetic Association)
Masjid Bari Sarak, Jheeltuly, Faridpur-7800, Bangladesh.
Phone : (+88) 0631-61488, 66355, 01928 808258; E-mail : info@damcf.edu.bd, damcf@yahoo.com; Web : www.damcf.edu.bd


স্মারক নং- ডিএএমসি/পেঃপঃ-১২/মে ও জুলাই- ২০২১/৭৪৬

তারিখঃ ১৩ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
২৮ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

## ১ম, ২য় ও ৩য় পেশাগত এমবিবিএস পরীক্ষার ফরম পূরণ ও ফিস্ জমাদান

২০২১ সনের মে (নতুন কারিকুলাম) ও জুলাই (পুরাতন কারিকুলাম) মাসের **(শুধুমাত্র অনিয়মিত)** ১ম, ২য় ও ৩য় পেশাগত এমবিবিএস পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক যোগ্য ছাত্র-ছাত্রীদের অনলাইনে (www.ducmc.com) ফরম পূরণপূর্বক পূরণকৃত এন্ট্রি ফরম ও ফিস্ আগামী ০১/০৯/২০২১ খ্রি. তারিখ হতে ০৭/০৯/২০২১ খ্রি. তারিখ দুপুর ২.০০ টা পর্যন্ত কলেজ কাউন্টারে জমাদানের জন্য বলা হল।

### পরীক্ষার ফিস্ ও অন্যান্য ফিসের হার ঃ

ক) প্রতি বিষয়ের জন্য পরীক্ষার ফিস্-------------------------------------- ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা

খ) প্রত্যেক পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস্ (ডিন ও পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর)------- ৬০০/- (ছয়শত পঞ্চাশ) টাকা

গ) রিটেনশন ফিস্--------------------------------------------------- ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা

ঘ) এন্ট্রি ফরমের মূল্য বাবদ--------------------------------------------- ১০০/- (একশত ) টাকা

ঙ) ডিন অফিস ফি---------------------------------------------------- ২০০/- (দুইশত) টাকা

চ) ১ম ও ৩য় পেশাগত এমবিবিএস পরীক্ষার কেন্দ্র ফিস্------------------- ৪,০০০/- (চার হাজার) টাকা

ছ) ২য় পেশাগত এমবিবিএস পরীক্ষার কেন্দ্র ফিস্------------------------- ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা

জ) সাময়িক সনদ ফি------------------------------------------------- ২০০/- (দুইশত) টাকা

১। ফরম জমাদানের পূর্বে কলেজের সকল বকেয়া (সেপ্টেম্বর'২১ পর্যন্ত টিউশন ও হোস্টেল ফি এবং ভর্তি ফিয়ের কিস্তি) পরিশোধ করতে হবে।

২। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী যে কোন পরীক্ষায় যে কোন বিষয়ে রেফার্ড পেয়েছে অথবা যথাসময়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি সে সকল পরীক্ষার্থী "অনিয়মিত" পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

৩। পরীক্ষার্থী যে পেশাগত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক উক্ত পরীক্ষায় পূর্বে অবতীর্ণ হয়ে থাকলে তার রিটেনশন ফিস পরিশোধ করতে হবে।

৪। প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীর কমপক্ষে ৭৫% হাজিরা থাকতে হবে।

৫। পরীক্ষার্থীর নাম তার পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে উল্লেখিত নামের সাথে অবশ্যই মিল থাকতে হবে।

৬। পরীক্ষার এন্ট্রিফরম পরীক্ষার্থী নিজেই পূরণ করিবে। ফরমের যথাস্থানে পরীক্ষার্থীর 150x150 Pixels আকারের ছবি আপলোড করতে হবে।

৭। সর্বশেষ পেশাগত পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি (A4 সাইজ) অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে এর স্ক্যান কপি (jpg/png ফরমেটে) আপলোড করতে হবে এবং সত্যায়িত কপি ছাত্র শাখায় ফরমের সাথে জমা দিতে হবে।

৮। অনলাইনে ফরমপূরণের পর পূরণকৃত ফরম ডাউনলোড করে উহার নির্দিষ্ট স্থানে পরীক্ষার্থী স্বাক্ষর করে ছাত্র শাখায় জমা দিতে হবে।

৯। ফরমে উল্লেখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে প্রদত্ত পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১০। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস্ জমা নেয়া হবে না।

১১। পরপর ৪(চার) বার অকৃতকার্য পরীক্ষার্থী ৫ম বারের জন্য আসন্ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। চিকিৎসা অনুষদের ডিন মহোদয়ের অনুমতি নিয়ে ৬ষ্ঠ বারের জন্য আসন্ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

28/8/21

(অধ্যাপক ডাঃ মোঃ জহিরুল ইসলাম মিয়া)
অধ্যক্ষ
ডায়াবেটিক এসোসিয়েশন মেডিকেল কলেজ, ফরিদপুর।
ফোন: +৮৮-০৬৩১-৬১৪৮৮; ই-মেইল: damcf@yahoo.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (নামের ক্রম জেষ্ঠ্যানুসারে নয়)ঃ

১। একাডেমিক কো-অর্ডিনেটর, অত্র মেডিকেল কলেজ

২। ফেজ.কো-অর্ডিনেটর, ফেজ-১/২/৩, [বিভাগীয় প্রধানগণের মাধ্যমে নিম্নের ছক মোতাবেক ১ম, ২য় ও ৩য় পেশাগত এমবিবিএস পরীক্ষার জন্য যোগ্য ছাত্র-ছাত্রীদের তালিকার হার্ডকপি আগামী ৩১/০৮/২০২১ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের অনুরোধ করা হল।]

| SL. No | Registration No. | Session | Exam. Roll No. | Name of the Examinee | Regular/ Irregular | Year of Admission | Subject |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

৩। বিভাগীয় প্রধান, এনাটমী/ফিজিওলজী/বায়োকেমিস্ট্রি/কমিউনিটি মেডিসিন/ফরেনসিক মেডিসিন/ফার্মাকোলজী/প্যাথলজী/মাইক্রোবায়োলজী বিভাগ [আপনাকে আগামী ০৭/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে এন্টি ফরমের বিভাগীয় প্রধানের অংশ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।]

৪। উর্ধ্বতন হিসাবরক্ষণ কর্মকর্তা, অত্র মেডিকেল কলেজ